

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা  
রাজস্ব (এসএ) শাখা  
www.netrokona.gov.bd

নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৪- ৭০২


তারিখ : ০৬ মার্চ ২০২৪।

গণ বিজ্ঞপ্তি

বিষয় : নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন ১ থেকে ৫ নম্বর বালুমহাল এবং কলমাকান্দা উপজেলাধীন ৬ নম্বর বালুমহাল ১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র মেয়াদে ইজারা প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার বালুমহালসমূহ ১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ২৮ জানুয়ারি ২০২৪ তারিখের ৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৪-২৯০ নম্বর স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ৩য় পর্যায়ে আগামী ০৬ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ০৭ মার্চ ২০২৪ তারিখ দরপত্র গ্রহণের জন্য নির্ধারিত আছে। বেলা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৫৩৩২/২০১৫ নম্বর রিট পিটিশনের ১৫.০২.২০২৪ তারিখের আদেশে দুর্গাপুর উপজেলাধীন (১) বিজয়পুর ও ভবানীপুর হতে শ্মশান ঘাট পর্যন্ত ১ নম্বর বালুমহাল (২) দুর্গাপুর শ্মশান ঘাট হতে চৈতাটি পর্যন্ত ২ নম্বর বালুমহাল (৩) দুর্গাপুর বিরিশিরি ঘাট হতে কেরনখলা পর্যন্ত ৩ নম্বর বালুমহাল (৪) গাঁওকান্দিয়া মৌজার উত্তর সীমানা হতে দক্ষিণ প্রান্ত পর্যন্ত ৪ নম্বর বালুমহাল (৫) ঝাঞ্জাইল হতে উত্তর শংকরপুর পর্যন্ত ৫ নম্বর বালুমহাল ১৪৩১ বঙ্গাব্দের ইজারা সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত করা হয়েছে এবং ৪৫৬৩/২০২২ নম্বর রিট পিটিশনের ২৫.০২.২০২৪ তারিখের আদেশে কলমাকান্দা উপজেলাধীন 'ওমরগাঁও, হাসানোয়াগাঁও এবং বিশাউতি পর্যন্ত ৬ নম্বর বালুমহাল'-এর ১৪৩১ বঙ্গাব্দের ইজারা সংক্রান্ত কার্যক্রম ০১ মাসের জন্য স্থগিত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী বর্ণিত ০৬টি বালুমহালসমূহের ৩য় পর্যায়ে ০৬ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় ও ০৭ মার্চ ২০২৪ তারিখে দরপত্র গ্রহণ কার্যক্রম স্থগিত থাকবে এবং নেত্রকোণা সদর উপজেলাধীন 'গোমাই নদী' বালুমহালের ইজারা সংক্রান্ত সকল কার্যক্রম যথারীতি চালু থাকবে।



(রাফিকুজ্জামান)

জেলা প্রশাসক (বুটিন দায়িত্ব)

নেত্রকোণা

ফোনঃ ০২৯৯৬৬৫১৬৩৪

E-mail:dcnetrokona@mopa.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. সচিব, জালানী ও খনিজ সম্পাদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল, বা/এ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫. পুলিশ সুপার, নেত্রকোণা।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা।
৭. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/গণপূর্ত বিভাগ, নেত্রকোণা।
৮. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর/দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা।
৯. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর/দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা।
১০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, নেত্রকোণা-এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. .... (সংশ্লিষ্ট সকল)।
১২. অফিস কপি।